

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.legislative.gov.bd

বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা বাস্তবায়নকল্পে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ৩-১২-২০২৪ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার, বেলা ৯:৩০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব ও নৈতিকতা কমিটির সভাপতি ড. হাফিজ আহমেদ চৌধুরী এর সভাপতিত্বে (কক্ষ নং-৬২৮, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়) নৈতিকতা কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (পরিশিষ্ট 'ক') সংযুক্ত।

২। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়াবলি উপস্থাপনের জন্য নৈতিকতা কমিটির সদস্য, অতিরিক্ত সচিব ড. মোহাম্মদ মহিউদ্দীনকে আহ্বান জানান।

৩। ড. মোহাম্মদ মহিউদ্দীন সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়াবলি উপস্থাপন করেন। তিনি সভায় আলোচনার জন্য আলোচ্য বিষয়সমূহ, যথাক্রমে:- (ক) ২০২৪-২৫ অর্থ বছরের এ বিভাগের APA তে উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কে অবহিতকরণ; (খ) এ বিভাগের NIS কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে করণীয় নির্ধারণ; এবং (গ) বিবিধ বিষয়সমূহ উপস্থাপন করেন।


৪। সচিব মহোদয় ২০২৪-২৫ অর্থবছরের এ বিভাগের শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ত্বরান্বিত করে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে এ বিভাগের সকল কর্মকর্তা এবং কর্মচারীকে প্রশিক্ষণসহ শুদ্ধাচার কৌশল এর বিভিন্ন কার্যক্রমে সম্পৃক্ত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৫। সামগ্রিক আলোচনা এবং উপস্থিত কমিটির সদস্যদের সর্বসম্মতিক্রমে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথা:-

(ক) ৩০/০৭/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

(খ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ওয়েবসাইটে ২০১৯ ও ২০২০ সালে প্রণীত অধস্তন আইনসমূহ আপলোড করতে হবে।

৬। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৬/১২/২০২৪
(ড. হাফিজ আহমেদ চৌধুরী)
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি।

তারিখ: ৩-১২-২০২৪ খ্রি.







গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের নৈতিকতা কমিটির ২য় সভা।

সভাপতি: সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

তারিখ ও সময়: ০৩ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ, মঙ্গলবার, সকাল ৯:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

ক্রমিক নং	নাম ও পদবী	মন্ত্রণালয়/বিভাগ	টেলিফোন নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
১।	ড. মোহাম্মদ মহিউদ্দীন অতিরিক্ত সচিব	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০১৭১৬৭৮৯৪৫৭ mohiuddin@legislative.gov.bd	 ০৩/১২/২০২৪
২।	মোহাম্মদ আসাদুজ্জামান নূর যুগ্মসচিব	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০১৯১৬০৩৯০২৭ asad@legislative.gov.bd	 ০৩/১২/২০২৪
৩।	এস, এম, শাফায়েত হোসেন যুগ্মসচিব	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০১৭১১২৬৪১৫৭ shafaet@legislative.gov.bd	
৪।	মোহাম্মদ জিয়া উদ্দীন সিনিয়র সিস্টেম এনালিস্ট	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০১৭৪৯৬৯৯৪২১ system.analyst@legislative.gov. bd	 ০৩/১২/২০২৪
৫।	মোহাম্মদ আবু কাউছার উপসচিব	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০১৭১২৫৭৭২৬৩ ds.planning@legislative.gov.bd	 ০৩/১২/২০২৪
৬।	মোঃ আশরাফুল আলম সিনিয়র সহকারী সচিব	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০১৭৬৯৩২১২২৮ kb.ashraf@legislative.gov.bd	 ০৩/১২/২০২৪
৭।	মনিকা বিকি সিনিয়র সহকারী সচিব	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০১৭৯৫৭৪৪৯৫৫ monika.biki@legislative.gov.bd	 Monika Biki ০৩/১২/২০২৪